সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল

**দিনাজপুর ব্যাঙ্ক লিঃ**

সিডিউল্ড ব্যাঙ্ক — ( ক্লিয়ারিং সুবিধাযুক্ত )

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান

জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর

সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর ( কলিকাতা ), রায়গঞ্জ রাজসাহী, আলীপুর ডুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট ( কলিকাতা ), গাইবান্ধা ও দুবরাজপুর শাখা শীঘ্রই খোলা হইবে।

ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন

Ex. M. L. C.

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মণিগ্রামের প্রসিদ্ধ
কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
আবিষ্কৃত

**সোণামুখী**
কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৮ই পৌষ বুধবার ১৩৫৪ ইংরাজী 24th Dec. 1947 { ২৯শ সংখ্যা

আপনার

**কম খরচার খাজাঞ্চী**

**টাকুরিয়া ব্যাঙ্কিং**

**করপোরেশন লিমিটেড**

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোন: কলিকাতা ১৭৪৪ টেলিগ্রাম: ষ্টংরুম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ ), সোনারপুর।

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জি এফ, আর, ই, এস ( লণ্ডন )

**ব্যয় নহে—সঞ্চয়**

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৮ই পৌষ বুধবার সন ১৩৫৪ সাল

## পশ্চিম বঙ্গে অনারারী ম্যাজিষ্ট্রেটের পদ লোপ

পরিবর্ত্তিত পরিস্থিতিতে অনারারী ম্যাজিষ্ট্রেটগণ কর্ত্তৃক বিচারের ব্যবস্থা অব্যাহত রাখা বাঞ্ছনীয় কিনা, পশ্চিম বঙ্গ সরকার তাহা বিবেচনা করিয়া দেখিয়াছেন এবং এই ব্যবস্থা রহিত করিবার সিদ্ধান্ত করিয়াছেন। এই সিদ্ধান্ত কার্য্যকরী করিবার জন্য সংশ্লিষ্ট কর্ত্তৃপক্ষগণ নূতন নিয়োগ বা ইতিপূর্ব্বে নিযুক্ত অনারারী ম্যাজিষ্ট্রেটগণের কার্য্যকাল বৃদ্ধির জন্য এখন হইতে আর সুপারিশ করিবেন না। যে সকল অনারারী ম্যাজিষ্ট্রেটের ১৯৪৮ সালের ৩১শে মার্চ্চের পরেও কাজ করিবার কথা ছিল, ১৯৪৮ সালের ১লা এপ্রিল তারিখে তাঁহাদের কাজের মেয়াদ শেষ হইবে। নূতন কোন মামলা তাঁহাদের নিকট প্রেরণ করা হইবে না। কার্য্যরত অনারারী ম্যাজিষ্ট্রেটগণের এজলাসে যে সমস্ত মামলা মুলতুবী রহিয়াছে, সে সমস্ত মামলা রুজুর তারিখ এবং সংশ্লিষ্ট পক্ষের সুবিধা অসুবিধা বিবেচনা করিয়া জেলা ম্যাজিষ্ট্রেট কিংবা মহকুমা হাকিম এবং কলিকাতার ক্ষেত্রে চীফ প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট উহা প্রত্যাহার করা যায় কিনা তাহা স্থির করিবেন। কলিকাতাস্থিত অপ্রাপ্ত বয়স্কদের আদালতের মহিলা অনারারী ম্যাজিষ্ট্রেটগণ সম্পর্কে গভর্ণমেণ্টের এই সিদ্ধান্ত প্রযোজ্য হইবে না।

সরকারের এই সিদ্ধান্ত পরিবর্ত্তিত হইবে কিনা, তাহা সরকারই জানেন। আমরা এই সিদ্ধান্তকেই স্থির সিদ্ধান্ত মনে করিয়া,—যাঁহারা সমস্ত স্বার্থ বিসর্জ্জন দিয়া, "দুষ্টের দমন শিষ্টের পালন" কার্য্যে রাজশক্তির সহায়তা করিয়াছেন, যাঁহারা রায় লিখিবার সময়, ভগবানকে স্মরণ করিয়া, প্রমাণ প্রয়োগাদি দৃষ্টে বিবেকের পরামর্শে যথাজ্ঞান বিচার কার্য্য সমাপন করিয়াছেন, তাঁহাদের লক্ষ লক্ষ অভিবাদন জানাইয়া, সরকারের আয়ত্তের বাহিরে অনেক লোকহিতকর কার্য্য আছে, তাহাই গ্রহণ করিয়া নিজেদের পরোপকার বৃত্তি চরিতার্থ করিতে অনুরোধ করিতেছি।

আর একটি বড় মাছ, এক হাঁড়ি সন্দেশ, এক ঝুড়ি আম, এক থান মটকা, একখানি গরদ ইত্যাদির প্রলোভনে প্রলুব্ধ হইয়া যাঁহারা নিজের বিবেকের বক্ষে ছুরিকাঘাত করিয়া নিজের মর্য্যাদা ও লেখনী কলঙ্কিত করিয়াছেন তাঁহারা উৎকোচদাতা, উৎকোচের দালালের সম্মুখে চিরদিনের জন্য অবনত মস্তকে থাকিয়া, যে হাকিমের এজলাসে প্রমাণ প্রয়োগ দরকার হয় না, "আরগুমেণ্টের" দরকার হয় না, স্বয়ং প্রত্যেকের বুকের ভিতর খানাতল্লাস করিয়া বিচার করেন, যাঁহার রায়ের বিরুদ্ধে আপীল নাই তাঁহার এজলাসে আসামী হইয়া বিচারের অপেক্ষা করুন।

---

## মুর্শিদাবাদ জাতীয় প্রদর্শনী

আগামী ৭ই জানুয়ারী হইতে বহরমপুর মহারাণী কাশীশ্বরী বালিকা বিদ্যালয়ে জিলা ম্যাজিষ্ট্রেট এর পৃষ্ঠপোষকতায় এক বিরাট জাতীয় প্রদর্শনার অনুষ্ঠান হইবে। মহামান্য বাংলার লাট বাহাদুর প্রদর্শন উদ্বোধন করিবেন।

প্রদর্শনীতে জাতীয় সংগ্রামের ইতিহাস এবং স্বাধীন দেশের পুনর্গঠনের সমস্যা ও সমাধানের পূর্ণ চিত্র দেখা যাইবে। কলিকাতা হইতে আগত নানারকম জ্ঞানমূলক আলোকচিত্র প্রতিদিন দেখানো হইবে। নানারকম কলকব্জা, বিজলীর কাজ, বিদ্যুৎ উৎপাদনের জাতীয় পরিকল্পনা এ জেলার সেচ পরিকল্পনার মডেল ও তাহার কাজ প্রদর্শিত হইবে।

মুর্শিদাবাদের বিভিন্ন শিল্পের প্রস্তুত প্রণালী দেখানো হইবে। যে সকল শিল্পী ইহা দেখাইতে চান প্রয়োজন হইলে তাঁহাদের থাকা প্রভৃতির ব্যবস্থা করা হইবে ও বিশেষ ক্ষেত্রে অর্থ সাহায্যও করা হইবে।

উত্তম কৃষিজাত দ্রব্যাদি ও অন্যান্য গ্রাম্যশিল্পাদি প্রেরণ করুন এবং সংগ্রহ করিয়া জাতীয় প্রচেষ্টাকে সাফল্য মণ্ডিত করুন।

বিশেষ পুরস্কারের ব্যবস্থা আছে।

জাতির মেরুদণ্ড মাতা—মাতৃ স্বাস্থ্যের প্রতিযোগিতায় মাতৃগণ যোগদান করুন।

এখনই নিম্ন ঠিকানায় সংযোগ স্থাপন করুন।

সম্পাদিকা
মুর্শিদাবাদ জাতীয় প্রদর্শনী
মহারাণী কাশীশ্বরী বালিকা বিদ্যালয়
পোঃ বহরমপুর, মুর্শিদাবাদ।

## নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১২ই জানুয়ারী ১৯৪৮

১৯৪৭ সালের ডিক্রীজারী

৪৮২ খাং ডিঃ মহারাজ কুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং আবদুল গোফুর মণ্ডল দাবি ৪১৻৯ থানা সুতী মৌজে সুরপুর ১-৯৮ শতকের কাত ৫৸৶৬ আঃ ৩৫৲ খং ৫১

৪৮৪ খাং ডিঃ ঐ দেং রজনীসুন্দরী দাসী দাবি ৩৫৶৩ মৌজাদি ঐ ১-২২ শতকের কাত ৫৲ আঃ ২৯৲ খং ৭৭৪

৪৮৫ খাং ডিঃ ঐ দেং সীতানাথ দাস দিং দাবি ১৯৷৯ মৌজাদি ১-১৯ শতকের কাত ১৸৶৯ আঃ ১৩৲ খং ১৬৮

৪৮৬ খাং ডিঃ ঐ দেং রাজপতি চৌবে দাবি ২৩৵৹ মৌজাদি ঐ ৭৪ শতকের কাত ২৲ আঃ ১৭৲ খং ১০০১

৫১৬ খাং ডিঃ ঐ দেং গদাধর দাস দাবি ৩৬৸৩ থানা ঐ মৌজে নারায়ণপুর ৫৵৩ জমির কাত ৫৶৫ আঃ ৩০৲

৫১৭ খাং ডিঃ ঐ দেং সামমহাম্মদ মণ্ডল দাবি ৪০৶৩ মৌজাদি ঐ ৫৵৹ বিঘার কাত ৫৷৵৹ আঃ ৩৩৲ খং ৩৫০

৬২৩ খাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েণ্ট মাতোয়ালি মৌলবী মরতুজা রেজা চৌধুরী দিং দেং জাহির সেখ দিং দাবি ১২৭৷৶৯ থানা সুতী মৌজে বাজে গাজিপুর ১৷৪৻৭ জমির কাত ৮৷৶৯ আঃ ১০০৲

৪২১ খাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং জরিসন বেওয়া দিং দাবি ১৬৷৵৬ থানা সুতী মৌজে উমরাপুর ৪৩ শতকের কাত ১৶৬ আঃ ১০৲ খং ১৫৩ রায়ত স্থিতিবান

৬৩৫ থাং ডিঃ কণিকারাণী দেবী দেং সীতেশচন্দ্র দত্ত দিং দাবি ২৬৶৯ থানা সুতী মৌজে দেবীপুর ৪৩ শতকের কাত ৩।৶৭ আঃ ২০৲ থং ৩৭ রায়ত স্থিতিবান

৬৩৬ থাং ডিঃ ঐ দেং হাজি ইউনাস মুন্সি দাবি ৩৪৮৬ থানা ঐ মৌজে লক্ষ্মীনগর ১-৩২ শতকের কাত ৫।৶০ আঃ ৩০৲ থং ৯০ ঐ স্বত্ব

৬৩৭ থাং ডিঃ ঐ দেং রুস্তম আলি বিশ্বাস দাবি ২১৮৬ মৌজাদি ঐ ১০০ শতকের কাত ৩৲ আঃ ১৮৲ থং ৮৪ ঐ স্বত্ব

৫৪৮ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দিং দেং বাবুলাল দুবে দাবি ১০৶৯ থানা সুতী মৌজে ভাবকী ৩-৬৫ শতকের কাত ১১৬ আঃ ২৫৲ থং ৫৬২।৫৭৬ রায়ত স্থিতিবান

২২৪ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং মদন স্বর্ণকার দিং দাবি ৩:৮৶৬ থানা সুতী মৌজে রেঞ্চাপুর ৩৫ শতকের কাত ৩৮৶৫ আঃ ২০৲ থং ৫৩, ৫৪

৫২১ থাং ডিঃ ঐ দেং জরিনা খাতুন বিবি জওজে আজমত আলি মিঞা দাবি ৭৫।৶৬ থানা ঐ মৌজে কাদোয়া ৪০০ শতকের কাত ১৮৶১৫ আঃ ৫৲ থং ৮৫

৫২৩ থাং ডিঃ ঐ দেং কাজেমালি সেখ দাবি ১১২৶৩ মৌজাদি ঐ ১০-২৮ শতকের কাত ২৭।/০ আঃ ৬০৲ থং ৬৯৮

৫২৪ থাং ডিঃ ঐ দেং নটবর দাস দাবি ৯/৬ থানা ঐ মৌজে ১০৪ নং বাঙ্গাবাড়ী ২৩ শতকের কাত ২৫৩ আঃ ৫৲ থং ৩৬

৪৭৯ থাং ডিঃ বিবি দেল আফরোজ দেং রসিক মণ্ডল দাবি ১০।/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিরোজপুর ৪ শতকের কাত ।৶৯ আঃ ৫৲ থং ৪২৫

৫০৭ থাং ডিঃ তারাপদ রায় দিং দেং গোঁহর সেখ দাবি ১৩৮৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৪ শতকের কাত ১৲ আঃ ২৲ থং ৩৭৪

৫২৬ থাং ডিঃ তারাপদ রায় দেং চমৎকার সেন নাবালক পক্ষে কোর্ট গার্জ্জেন বাবু গঙ্গাধর সিংহ রায় উকিল দাবি ১৮৮/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৩৯ শতকের কাত ৪।৶৫ আঃ ৫৲ থং ৯৮

৬৩৪ থাং ডিঃ ব্রজনাথ রায় কমন ম্যানেজার দেং শরৎ কুমারী দেব্যা দাবি ২৩।৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ১১৬।০ শতকের কাত ৪।৶৬ আঃ ১৫৲ থং ১০৩

৬৩৮ থাং ডিঃ ঐ দেং পরিবাস খাতুন বিবি দিং দাবি ১৪৶৬ থানা ঐ মৌজে পাইকর ৫২ শতকের কাত ১।০ আঃ ১০৲ থং ৪৫

৩৩৫ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং নিরঞ্জন দত্ত নাবালক দিং দাবি ২৬।৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ১৩ শতক জমির বার্ষিক মূল্য ৫/০ টাকার কাত ।/১ পাই থং ১১০৬ ও অধিনস্থ থং ১১০৭

৪৩৫ থাং ডিঃ ঐ দেং বীরেন্দ্রনাথ দাস দিং দাবি ১৬।৩ থানা ঐ মৌজে চরকা ৬৩ শতকের কাত ১।০ আঃ ১০৲ থং ৪১৭

৪৩৯ থাং ডিঃ ঐ দেং ইয়াছুল বিশ্বাস দাবি ২৪।৶৯ থানা ঐ মৌজে বাজিতপুর ৮।১ জমির কাত নিজাংশে ২৶০ আঃ ২০৲ সেটেলমেণ্ট হয় নাই।

৪৪০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৮/০ মৌজাদি ঐ ৩/।০ জমির কাত নিজাংশে ২।/১৩।— আঃ ২০৲ থং ২১৬, ২১৯, ১৮৫ ও ১৮৭

৪৪৩ থাং ডিঃ ঐ দেং ভোলানাথ সাহা দিং দাবি ১৮।৩ থানা ঐ মৌজে মির্জ্জাপুর ৭ শতকের কাত ১৶৩ পাই আঃ ১০৲ থং ৪০৩

৪৪৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬।/৬ মৌজাদি ঐ ৩ শতকের কাত ।/০ আঃ ৫৲ থং ৪০৪

৪৪৬ থাং ডিঃ ঐ দেং পারুলবালা দেবী দাবি ২৯/৬ মৌজাদি ঐ ৫৯ শতকের কাত ৩৲ আঃ ২০৲ থং ৫৮১

৩৬৯ থাং ডিঃ ঐ দেং খোস মহাম্মদ সেখ দিং দাবি ৩১৮০ থানা ঐ মৌজে রামদাসটুলি ৬০ শতকের কাত ২৸৮ গণ্ডা আঃ ২০৲ থং ২০, ২১

৩৬৫ থাং ডিঃ ঐ দেং কালু মণ্ডল দাবি ৮৮৶৩ থানা রঘুনাথগঞ্জ ও সাগরদীঘি মৌজে কাঞ্চনপুর ও ভূমিহর ৩-৬২ শতকের কাত ১৪৮৶১০ আঃ ২৫৲ থং মৌজে কাঞ্চনপুর ১৩৮ মৌজে ভূমিহর ৩০৬

৪৬৯ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং মহেন্দ্রনাথ সরকার দিং দাবি ১১৮৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া, ১৭ শতকের কাত ।৶২। গণ্ডা আঃ ৫৲ থং ১০

৪৭০ থাং ডিঃ ঐ দেং ফজলু হক নাবালক দিং দাবি ১৯৮৶৯ থানা ঐ মৌজে নশীপুর ২-৪৪ শতকের কাত ৫।৶০ আঃ ১০৲ থং ২৮

৪৭১ থাং ডিঃ ঐ দেং ভবানীবালা দেবী দাবি ২২৶৯ মৌজাদি ঐ ২-৪০ শতকের কাত ১০।৶০ আঃ ২৫৲ থং ৭৮

৪৭২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৮৶৯ মৌজাদি ঐ ৪-৪২ শতকের কাত ১৩/৬ আঃ ৩০৲ থং ৭৯

৪৭৬ থাং ডিঃ ঐ দেং উমেদালী মণ্ডল দিং দাবি ১৩/০ থানা ঐ মৌজে নশীপুর ও কুতুবপুর ৫৫ শতকের কাত ১।০ থং ৪৯।২১

৪৭৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৲ থানা ঐ মৌজে নশীপুর ২৮ শতকের কাত ১।৬ পাই থং ৫১

২৮ মনি ডিঃ সত্য মাঝি দেং হারু মাঝি দিং দাবি ১০২।/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাইষ্কা ২-৯৭ শতকের কাত ১৮।৶৩ তন্মধ্যে দেন্দারের ।০ আনা অংশে ১-৪৮।০ শতকের কাত হারাহারি মতে ৮।/১।০ আঃ ৬০৲ থং ৩৮৩ রায়ত স্থিতিবান

৪২ মনি ডিঃ আইনুদ্দিন মোল্লা দেং সমসের সেখ দিং দাবি ৭২৮৯ থানা সুতী মৌজে আহিরণ ২-৯২ শতকের কাত ৮।/২ তন্মধ্যে দেন্দারের ১৭১ শতকের কাত পরতা মত আঃ ৬০৲ থং ৩৪৫ রায়ত স্থিতিবান

৪১ মনি ডিঃ ললিতাক্ষী দেবী দিং দেং বিজয়কুমার সিংহ দাবি ৪০।/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাইষ্কা ২-৩৪ শতকের কাত ১৫।৶২ তন্মধ্যে দখলীয় ৩২।০ শতক জমির কাত হারাহারি মতে ২৶০ আঃ ২০৲ থং ২৪৫ রায়ত স্থিতিবান

৩৬ মনি ডিঃ মহারাজ কুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং আবদুল রাজ্জাক বিশ্বাস দিং দাবি ২৩৩৮/০ থানা সুতী মৌজে এমামনগর সেটেলমেণ্ট জরিপ মতে নারায়ণপুর ২৭।১ জমির কাত হারাহারি মতে ১২।৭ আঃ ২২০৲ থং ১৪৩৮

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।



## সুলভ আয়ুর্ব্বেদীয় কুটীর

এই স্থানে আয়ুর্ব্বেদমতে তরুণ ও পুরাতন এবং বহুবিধ জটিল ব্যাধির চিকিৎসা হইয়া থাকে। যাঁহারা অন্যস্থানে চিকিৎসা করাইয়া কোনও ফল পান নাই সেই সব রোগীকে আমার চিকিৎসা পরীক্ষা করিতে অনুরোধ করি।

দি মডার্ণ আয়ুর্ব্বেদিক কার্য্যালয় ও বিদ্যালয়
হইতে উপাধি প্রাপ্ত :

**কবিরাজ শ্রীবৈদ্যনাথ চক্রবর্ত্তী,**
এম, আয়ুর্ব্বেদজ্ঞ

গাজিন, পোঃ নূরপুর, ( মুর্শিদাবাদ )


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।


জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।





# সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও **"টনিক"** ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা**



## দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত